

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ রাজস্বখাতভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য শুধুমাত্র বাংলাদেশের প্রকৃত মুক্তিযোদ্ধার পোষ্যদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে :-

(১) বৈজ্ঞানিক কর্মকর্তা

পদ সংখ্যাঃ ৭(সাত)

বেতনক্রমঃ ১১০০০-৪৯০-১৪৪৩০-ইবি-৫৪০-২০৩৭০/-

বয়সসীমাঃ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) এবং নাতি/নাতনীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর (এসএসসি সনদ অনুযায়ী)

শিক্ষাগত যোগ্যতা- কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে অনূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।

২। ইচ্ছুক প্রার্থীদের সাদা কাগজে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বৈবাহিক অবস্থা (ঙ) জন্ম তারিখ (চ) ৩১-০৭-২০১৫ খ্রিঃ তারিখে বয়স (ছ) স্থায়ী ঠিকানা (জ) বর্তমান ঠিকানা (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (ঠ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর নম্বর এবং তারিখ উল্লেখ করিয়া আবেদন করিতে হইবে।

৩। আবেদনপত্রের সহিত বিভিন্ন সার্টিফিকেট/টেস্টিমোনিয়াল, অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৪ (চার) কপি ছবি এবং নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের নিকট হইতে স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হইবে। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র পেশ করিতে হইবে। সরকারী নিয়োগ বিধি অনুসারে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা)। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এবং আবেদকারীকে নিম্নবর্ণিত ছক পূরণ পূর্বক এতদসংক্রান্ত সত্যায়িত কপিসহ আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

ছক

মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, মুক্ত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তি বার্তা নম্বর	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুন সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতামাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদসমূহ প্রমাণক	মতব্য/ ভারতীয় তালিকার যদি থাকে নম্বর ও কপি
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)

৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার


পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদন পত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। পরবর্তীতে এতদসংক্রান্ত সনদপত্র দাখিল করা হইলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

৫। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য নয়।

৬। আবেদনপত্রের সহিত মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে সোনালী ব্যাংক, বিএআরআই শাখা, জয়দেবপুর, গাজীপুর বরাবর সোনালী ব্যাংক এর যে কোন শাখা হইতে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযোজন করিতে হইবে। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যাহারা নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন শুধুমাত্র তাহাদিগকেই লিখিত/সাক্ষাতকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হইবে। পদের সংখ্যা নির্ধারণ (হোস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৭। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর বরাবর আগামী ৩০-০৯-২০১৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাইতে হইবে। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৮। খামের উপর আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে।



যুগ্ম-পরিচালক (প্রশাসন)

মহাপরিচালকের পক্ষে

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর।